

বর্ধিত ফি প্রত্যাহার দাবি রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রজোটের ওপর ছাত্রলীগের হামলা

রংপুর যুগো

বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে রংপুরে বেগম-রোকেয়া বিশ্ববিদ্যালয়ে রোববার থেকে দু'দিনের ধর্মঘট পালন করছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ধর্মঘটের সময় বাম ছাত্র সংগঠনগুলোর ওপর ছাত্রলীগের হামলার ঘটনার উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এতে অল্পত ১২ জন আহত হয়। সকালে প্রগতিশীল ছাত্র জোটের নেতাকর্মীরা সব একাডেমিক ভবনের প্রধান ফুটকে ভাঙা ভুঙ্গিয়ে দেয়। ধর্মঘটের সমর্থনে সকলে সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। বিশ্ববিদ্যালয়ে ক্লাস ও পরীক্ষা বন্ধ রয়েছে। শিক্ষার্থীদের অভিযোগ, ২০০৮ সালে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়ে পূর্ব যোগ্য ছাত্রাই দক্ষায় দক্ষায় বিভিন্ন ক্ষেত্রে ফি বৃদ্ধি করা হচ্ছে। ২০০৮ সালে নতুন শিক্ষার্থী ভর্তি ফি যেখানে হামলা : পৃষ্ঠা ১৯ : কলাম ৭



যুগান্তর

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ফি বাতিলের দাবিতে প্রগতিশীল ছাত্রজোটের ধর্মঘট চলাকালে ছাত্রনেতা হাবিবকে লক্ষিত করছেন ডিসিপলিনী শিক্ষকরা

হামলা : ছাত্রলীগের (শেষ পৃষ্ঠার পর)

ছিল ৫ হাজার টাকা, সেখানে চলতি বছর তা বাড়িয়ে ৯ হাজার টাকা করা হয়েছে। সেই সঙ্গে সেমিস্টার ফি ৩শ' টাকা থেকে বাড়িয়ে ৭শ' টাকা করা হয়েছে। এছাড়াও আবাসিক ফলে সংযুক্তির নামে এক হাজার টাকা করে আদায় করা হচ্ছে। অথচ বিশ্ববিদ্যালয়ের আবাসিক ফল এখন পর্যন্ত খুলে দেয়া হয়নি। এ ব্যাপারে শিক্ষার্থীরা বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে ডিসিপ কাছের স্বাক্ষরকলিপি প্রদান ও মানববন্ধনসহ আন্দোলন করে এলেও ডিসি এ ব্যাপারে কোনো পদক্ষেপ নেননি। শিক্ষার্থীরা জানিয়েছেন, তাদের দাবি পূরণ না হলে এরপরে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। প্রগতিশীল ছাত্র একাজোট তুফবার সংবাদ সম্মেলন করে ধর্মঘটের এ কর্মসূচি ঘোষণা করে। জোটের সমর্থন ও সমাজতান্ত্রিক ছাত্রজোটের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আহসান হাবিব বলেন, দু'পক্ষে ধর্মঘটের সমর্থনে আমরা ক্যাম্পাসে মিছিল করছিলাম। এ সময় ছাত্রলীগ নেতাকর্মীরা হামলা চালায়। পান্টা প্রতিরোধ করলে সংঘর্ষ বাধে। এতে আমাদের কয়েকজন নেতাকর্মী আহত হয়।